শিক্ষাবর্ষ ২০২৪

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | ৯ম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# নবম শ্রেণির মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

## শিক্ষাবর্ষ: ২০২৪

## সূচিপত্র


সূচিপত্র ২

ভূমিকা ৩

ক) শিখনকালীন মূল্যায়ন ৪

খ) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন ৪

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয় ৫

ঘ) আচরণিক নির্দেশক ৫

ঙ) শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ ৫

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা ৫

ছ) মূল্যায়নে নৈপুণ্য অ্যাপসের ব্যবহার ৬

**পরিশিষ্ট ১** ৭

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI) ৭

**পরিশিষ্ট ২** ১২

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ১২

**পরিশিষ্ট ৩** ১৬

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক ১৬

শিক্ষকের নাম ও স্বাক্ষর ১৬

শিক্ষকের নাম ও স্বাক্ষর ১৭

**পরিশিষ্ট ৪** ১৮

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট ১৮

শিক্ষকের নাম : ১৮

**পরিশিষ্ট ৫** ২৩

আচরণিক নির্দেশক (Behavioral Indicator, BI) ২৩

## ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে ২০২৪ শিক্ষাবর্ষে শিখনকালীন মূল্যায়ন প্রক্রিয়া পরিচালনার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেওয়া আছে এবং ২০২৩ শিক্ষাবর্ষে আপনারা সফলভাবে শিখনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করেছেন। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

মূল্যায়ন করতে যেয়ে যে বিষয়গুলি মনে রাখতে হবে:

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান—জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে শিক্ষক শিক্ষার্থীর কাজ এবং আচরণ পর্যবেক্ষণ করে মূল্যায়ন চালিয়ে যাবেন। প্রতিটি অভিজ্ঞতা শেষে পারদর্শিতার সূচক অনুযায়ী শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা রেকর্ড করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। শিক্ষক সহায়িকা অনুযায়ী একটি অভিজ্ঞতা চলাকালীন সময়ে শিক্ষার্থীদের যে সকল কাজের নির্দেশনা দেওয়া আছে শুধুমাত্র ওই কাজগুলোকেই মূল্যায়নের জন্য বিবেচনা করতে হবে। বিষয়ভিত্তিক নির্দেশনার বাইরে শিক্ষার্থীদের অতিরিক্ত কাজ করানো যাবেনা।

৫। অভিজ্ঞতা পরিচালনার সময় যেখানে শিক্ষা উপকরণের প্রয়োজন হয়, শিক্ষক নিশ্চিত করবেন যেন উপকরণ গুলো বিনামূল্যের, স্বল্পমূল্যের এবং পুনঃব্যবহারযোগ্য (রিসাইকেল) উপাদান দিয়ে তৈরি। প্রয়োজনে বিদ্যালয় এইসব শিক্ষা উপকরণের ব্যায়ভার বহন করবে।

৫। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

২০২৪ সালে নবমশ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (নবমশ্রেণির এই বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেওয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা নির্ধারিত হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি (ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন) এবং বছর শেষে আরেকটি (বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন) মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর ষাণ্মাসিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট তৈরি হবে। প্রথম ষাণ্মাসিক মূল্যায়নের রেকর্ড, পরবর্তী ৬ মাসের শিখনকালীন মূল্যায়ন এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের রেকর্ডের সমন্বয়ে পরবর্তীতে বাৎসরিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড প্রস্তুত করা হবে।

ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✔ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেওয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেওয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেওয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) ভরাট করবেন। শুধুমাত্র শিক্ষকের রেকর্ড রাখার সুবিধার্থে এই চিহ্নগুলো ঠিক করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।
- ✔ ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোনো সুবিধাজনক সময়ে (অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই ছক থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' এপস এ ইনপুট দিবেন।
- ✔ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যেসকল প্রমাণকের সাহায্যে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলো শিক্ষাবর্ষের শেষ দিন পর্যন্ত সংরক্ষণ করবেন।

খ) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✔ ২০২৪ সালের বছরের মাঝামাঝিতে বিষয়ের ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বছরের শেষে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✔ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✔ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হওয়ার কয়েকদিন পূর্বে বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয়

- ✔ যদি কোনো অভিজ্ঞতা চলাকালীন সময়ে কোনো শিক্ষার্থী আংশিক সময় বা পুরোটা সময় বিদ্যালয়ে অনুপস্থিত থাকে তাহলে ঐ শিক্ষার্থীকে ঐ যোগ্যতাটি অর্জন করানোর জন্য পরবর্তীতে এনসিটিবির নির্দেশনা অনুযায়ী নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এই নির্দেশনা পরবর্তীতে দেওয়া হবে।

ঘ) আচরণিক নির্দেশক

আচরণিক নির্দেশকের একটা তালিকা পরিশিষ্ট ৫ এ দেওয়া আছে । শিক্ষক বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলগত কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করবেন। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে। আচরণিক নির্দেশকগুলোতে শিক্ষার্থীর অর্জনের মাত্রা শিক্ষক বছরে শুধুমাত্র দুইবার ইনপুট দিবেন। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার।

ঙ) শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোনো কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন— নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোনো শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোনো শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমতো উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোনো শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরনের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

ছ) মূল্যায়নে নৈপুণ্য অ্যাপসের ব্যবহার

জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুসারে ২০২৪ সালে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকগণ “নৈপুণ্য” অ্যাপটি ব্যবহার করে সম্পন্ন করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে শিক্ষা প্রতিষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের সহায়তায় শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে এ প্রক্রিয়াটি সম্পন্ন হবে। শিক্ষাক্রম অনুযায়ী শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারদর্শিতার সূচক অর্জনে শিক্ষার্থী কোনো পর্যায়ে রয়েছে সেই তথ্য বিষয় শিক্ষকরা ইনপুট দিলে শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয় রিপোর্ট কার্ড প্রস্তুত করে দিবে এই ‘নৈপুণ্য’ অ্যাপ।

## পরিশিষ্ট ১

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| যোগ্যতা নং | যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার নির্দেশক (পিআই) | □ | O | Δ |
|---|---|---|---|---|---|---|
| ০৫.০৯.০১ | প্রকৃতি ও সমাজের বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে এবং সেই অনুযায়ী কীভাবে সামাজিক দৃষ্টিভঙ্গি তৈরি হয় তা উপলব্ধি করা এবং তাকে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করা ও সে অনুযায়ী সংবেদনশীল আচরণ করতে পারা | ০৫.০৯.০১.০১ | প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা নিরূপণ করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা ব্যাখ্যা করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা যৌক্তিক উপস্থাপন করছে |
| | | ০৫.০৯.০১.০২ | প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা নিরূপণ করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা ব্যাখ্যা করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা যৌক্তিক উপস্থাপন করছে |
| | | ০৫.০৯.০১.০৩ | সমাজের বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সমাজের বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা নিরূপণ করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সমাজের বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা ব্যাখ্যা করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সমাজের বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা যৌক্তিক উপস্থাপন করছে |
| | | ০৫.০৯.০১.০৪ | সমাজের বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সমাজের বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা নিরূপণ করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সমাজের বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা ব্যাখ্যা করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সমাজের বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা যৌক্তিক উপস্থাপন করছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ০৫.০৯.০১.০৫ | সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব নির্ণয় করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব ব্যাখ্যা করছে | বৈজ্ঞানিক অনুসন্ধানের ধাপ অনুসরণ করে সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব যৌক্তিকভাবে উপস্থাপন করছে |
| | | ০৫.০৯.০১.০৬ | সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব উপলব্ধি করে সংবেদনশীল আচরণ করছে | সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব উপলব্ধি করে সংবেদনশীল প্রদর্শনে করণীয় নির্ধারণ করছে | সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব উপলব্ধি করে সংবেদনশীল আচরণ প্রদর্শন করছে | সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব উপলব্ধি করে একাধিক প্রেক্ষাপটে সংবেদনশীল আচরণ প্রদর্শন করছে |
| ০৫.০৯.০২ | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আত্মপরিচয় ও আচরণিক প্যাটার্ন কীভাবে গড়ে ওঠে তা অনুসন্ধান করতে পারা | ০৫.০৯.০২.০১ | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আত্মপরিচয় অনুসন্ধান করছে | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আত্মপরিচয় অনুসন্ধানের উদ্যোগ গ্রহণ করছে | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আত্মপরিচয় অনুসন্ধান করছে | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আত্মপরিচয় অনুসন্ধান করে ব্যাখ্যা করছে |
| | | ০৫.০৯.০২.০২ | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আচরণিক প্যাটার্ন কীভাবে গড়ে ওঠে তা অনুসন্ধান করছে | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে আচরণিক প্যাটার্ন কীভাবে গড়ে ওঠে তা অনুসন্ধান করার উদ্যোগ গ্রহন করছে। | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে আচরণিক প্যাটার্ন কীভাবে গড়ে ওঠে তা শিখন পরিবেশে অনুসন্ধান করছে। | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে আচরণিক প্যাটার্ন কীভাবে গড়ে ওঠে তা অনুসন্ধান করে ব্যাখ্যা করছে |
| ০৫.০৯.০৩ | একাধিক প্রেক্ষাপটে থেকে আসা ভিন্ন ভিন্ন ঐতিহাসিক বয়ান দলিল ও প্রমাণাদির উপর ভিত্তি করে বিশ্লেষণ করে নিজস্ব যৌক্তিক ভাষ্যে উপনীত হতে পারা। | ০৫.০৯.০৩.০১ | একাধিক প্রেক্ষাপটে থেকে আসা ভিন্ন ভিন্ন ঐতিহাসিক বয়ান দলিল ও প্রমাণাদির উপর ভিত্তি করে বিশ্লেষণ করে নিজস্ব যৌক্তিক ভাষ্যে উপনীত হচ্ছে | একাধিক প্রেক্ষাপটে থেকে আসা ভিন্ন ভিন্ন ঐতিহাসিক বয়ান দলিল ও প্রমাণাদির উপর ভিত্তি করে করে | একাধিক প্রেক্ষাপটে থেকে আসা ভিন্ন ভিন্ন ঐতিহাসিক বয়ান দলিল ও প্রমাণাদির উপর ভিত্তি করে বিশ্লেষণ করে শিখন পরিবেশে ব্যবহৃত | একাধিক প্রেক্ষাপটে থেকে আসা ভিন্ন ভিন্ন ঐতিহাসিক বয়ান দলিল ও প্রমাণাদির উপর ভিত্তি করে নিজ উদ্যোগে নতুন উদাহরণ প্রয়োগের মাধ্যমে যৌক্তিক ভাষ্যে উপস্থাপন করছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বিশ্লেষণ করছে। | উদাহরণের মাধ্যমে ব্যাখ্যা করছে | |
| ০৫.০৯.০৪ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে ব্যক্তিস্বার্থের উর্ধে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিতে পারা | ০৫.০৯.০৪.০১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে নিজের কাজে ও আচরণে প্রতিফলিত করছে | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে বাস্তব জীবনে কীভাবে প্রকাশ করবে তার ক্ষেত্রগুলো নির্ণয় করছে | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে বাস্তব জীবনে কীভাবে চর্চা করবে তা ব্যাখ্যা করছে | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তব জীবনে চর্চা করছে |
| | | ০৫.০৯.০৪.০২ | বিভিন্ন পরিস্থিতিতে ব্যক্তিস্বার্থের উর্ধে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিচ্ছে | বিভিন্ন পরিস্থিতিতে ব্যক্তিস্বার্থের উর্ধে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার চেষ্টা করছে | বাস্তব জীবনে বিভিন্ন পরিস্থিতিতে ব্যক্তিস্বার্থের উর্ধে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার দৃশ্যমান দৃষ্টান্ত স্থাপন করছে | বাস্তব জীবনে সকল পরিস্থিতিতে ব্যক্তিস্বার্থের উর্ধে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার দৃশ্যমান দৃষ্টান্ত স্থাপন করছে |
| ০৫.০৯.০৫ | নিজস্ব গন্ডি থেকে শুরু করে বৃহৎ বৈশ্বিক পরিসরে সামাজিক কাঠামোকে ব্যক্তিনিরপেক্ষ ও নির্মোহভাবে বিশ্লেষণ করতে পারা | ০৫.০৯.০৫.০১ | নিজস্ব পরিমন্ডলে সামাজিক কাঠামোকে ব্যক্তিনিরপেক্ষ ও নির্মোহভাবে বিশ্লেষণ করছে | নিজস্ব পরিমণ্ডলে সামাজিক কাঠামোকে নিরপেক্ষভাবে বিশ্লেষণের চেষ্টা করছে | নিজস্ব পরিমণ্ডলে সামাজিক কাঠামোকে ব্যক্তিনিরপেক্ষ ও নির্মোহভাবে বিশ্লেষণের গুরুত্ব ব্যাখ্যা করছে | নিজস্ব পরিমণ্ডলে সামাজিক কাঠামোকে ব্যক্তিনিরপেক্ষ ও নির্মোহভাবে যৌক্তিক বিশ্লেষণ করছে |
| | | ০৫.০৯.০৫.০২ | বৃহৎ বৈশ্বিক পরিসরে সামাজিক কাঠামোকে ব্যক্তিনিরপেক্ষ ও নির্মোহভাবে বিশ্লেষণ করছে | বৃহৎ বৈশ্বিক পরিসরে সামাজিক কাঠামোকে নিরপেক্ষভাবে বিশ্লেষণের চেষ্টা করছে | বৃহৎ বৈশ্বিক পরিসরে সামাজিক কাঠামোকে নিরপেক্ষ ও নির্মোহভাবে ব্যাখ্যা করছে | বৃহৎ বৈশ্বিক পরিসরে সামাজিক কাঠামোকে ব্যক্তিনিরপেক্ষ ও নির্মোহভাবে যৌক্তিক বিশ্লেষণ করছে |
| ০৫.০৯.০৬ | স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান সামাজিক ও রাজনৈতিক কাঠামোর যৌক্তিক বিশ্লেষণ করে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা নির্ধারণ করতে পারা | ০৫.০৯.০৬.০১ | স্থানীয় প্রেক্ষাপটে বিদ্যমান সামাজিক কাঠামোর যৌক্তিক বিশ্লেষণ করে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা নির্ধারণ করছে | স্থানীয়ভাবে বিদ্যমান সামাজিক কাঠামোর ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা সম্পর্কে মতামত দিচ্ছে | স্থানীয়ভাবে বিদ্যমান সামাজিক কাঠামোর ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা বিষয়ে সিদ্ধান্ত নিচ্ছে | স্থানীয়ভাবে বিদ্যমান সামাজিক কাঠামো যৌক্তিক বিশ্লেষণ করে তার ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা নির্ধারণ করছে |
| | | ০৫.০৯.০৬.০২ | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান সামাজিক কাঠামোর যৌক্তিক বিশ্লেষণ করে ব্যক্তিগত অবস্থান | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান সামাজিক কাঠামোর | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান সামাজিক কাঠামোর ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান সামাজিক কাঠামো যৌক্তিক বিশ্লেষণ করে তার ভিত্তিতে ব্যক্তিগত |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ও ভূমিকা নির্ধারণ করছে | ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা সম্পর্কে মতামত দিচ্ছে | ও ভূমিকা বিষয়ে সিদ্ধান্ত নিচ্ছে | অবস্থান ও ভূমিকা নির্ধারণ করছে |
| | | ০৫.০৯.০৬.০৩ | স্থানীয় প্রেক্ষাপটে বিদ্যমান রাজনৈতিক কাঠামোর যৌক্তিক বিশ্লেষণ করে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা নির্ধারণ করছে | স্থানীয়ভাবে বিদ্যমান রাজনৈতিক কাঠামোর ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা সম্পর্কে মতামত দিচ্ছে | স্থানীয়ভাবে বিদ্যমান রাজনৈতিক কাঠামোর ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা বিষয়ে সিদ্ধান্ত নিচ্ছে | স্থানীয়ভাবে বিদ্যমান রাজনৈতিক কাঠামো যৌক্তিক বিশ্লেষণ করে তার ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা নির্ধারণ করছে |
| | | ০৫.০৯.০৬.০৪ | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান রাজনৈতিক কাঠামোর যৌক্তিক বিশ্লেষণ করে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা নির্ধারণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান রাজনৈতিক কাঠামোর ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা সম্পর্কে মতামত দিচ্ছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান রাজনৈতিক কাঠামোর ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা বিষয়ে সিদ্ধান্ত নিচ্ছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যমান রাজনৈতিক কাঠামো যৌক্তিক বিশ্লেষণ করে তার ভিত্তিতে ব্যক্তিগত অবস্থান ও ভূমিকা নির্ধারণ করছে |
| ০৫.০৯.০৭ | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবর্তনের প্যাটার্ন উদঘাটন করে এর ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিবেচনা করে ব্যক্তিগত ও সামষ্টিক ভূমিকা পালনে সবাইকে উদ্বুদ্ধ করতে পারা | ০৫.০৯.০৭.০১ | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তনের প্যাটার্ন উদঘাটন করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তন উল্লেখ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তনের প্যাটার্ন সনাক্ত করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তনের প্যাটার্ন পর্যালোচনা করছে |
| | | ০৫.০৯.০৭.০২ | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিশ্লেষণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ কী সে বিষয়ে ব্যক্তিগত মত দিচ্ছে | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ অনুসন্ধান করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিশ্লেষণ করছে |
| | | ০৫.০৯.০৭.০৩ | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তনের প্যাটার্ন উদঘাটন করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তন উল্লেখ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তনের প্যাটার্ন সনাক্ত করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তনের প্যাটার্ন পর্যালোচনা করছে |
| | | ০৫.০৯.০৭.০৪ | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিশ্লেষণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ কী | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ অনুসন্ধান করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিশ্লেষণ করছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | সে বিষয়ে ব্যক্তিগত মত দিচ্ছে | | |
| | | ০৫.০৯.০৭.০৫ | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিবেচনা করে ব্যক্তিগত ভূমিকা নিরূপণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ অনুমান করে ব্যক্তিগত ভূমিকা নির্ধারণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিবেচনায় নিয়ে ব্যক্তিগত ভূমিকা নিরূপণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ যৌক্তিক বিশ্লেষণ করে ব্যক্তিগত ভূমিকা নিরূপণ করছে |
| | | ০৫.০৯.০৭.০৬ | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিবেচনা করে সামষ্টিক ভূমিকা নিরূপণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ অনুমান করে সামষ্টিক ভূমিকা নির্ধারণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ বিবেচনায় নিয়ে সামষ্টিক ভূমিকা নিরূপণ করছে | বৈশ্বিক প্রেক্ষাপটে বিভিন্ন ধরণের পরিবর্তনের ফলে সৃষ্ট সম্ভাবনা ও ঝুঁকিসমূহ যৌক্তিক বিশ্লেষণ করে সামষ্টিক ভূমিকা নিরূপণ করছে |
| | | ০৫.০৯.০৭.০৭ | বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে ব্যক্তিগত ও সামষ্টিক ভূমিকা পালনে সবাইকে উদ্বুদ্ধ করছে | নিজস্ব পরিসরে ব্যক্তিগত ও সামষ্টিক ভূমিকা পালনে সবাইকে উদ্বুদ্ধ করছে | বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে ব্যক্তিগত ও সামষ্টিক ভূমিকা পালনে সবাইকে আগ্রহ জোগাচ্ছে | বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে ব্যক্তিগত ও সামষ্টিক ভূমিকা সম্পর্কে সবাইকে সচেতন করে তুলছে এবং কার্যকর ভূমিকা পালনে উদ্বুদ্ধ করছে |
| ০৫.০৯.০৮ | সমাজ-রাজনৈতিক প্রেক্ষাপটে সম্পদের উৎপাদন, বণ্টন, ভোগ এবং সংরক্ষণের নীতি বিশ্লেষণ করে সামাজিক সাম্য প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সামষ্টিক ভূমিকা নির্ধারণ করতে পারা | ০৫.০৯.০৮.০১ | সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপটে সম্পদের উৎপাদন, বণ্টন, ভোগ এবং সংরক্ষণের নীতি বিশ্লেষণ করছে | নিজস্ব প্রেক্ষাপটে সম্পদের উৎপাদন, বণ্টন, ভোগ এবং সংরক্ষণের নীতি বিশ্লেষণ করছে | পরিচিত সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপটে সম্পদের উৎপাদন, বণ্টন, ভোগ এবং সংরক্ষণের নীতি বিশ্লেষণ করছে | বিভিন্ন সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপটে সম্পদের উৎপাদন, বণ্টন, ভোগ এবং সংরক্ষণের নীতি বিশ্লেষণ করছে |
| | | ০৫.০৯.০৮.০২ | সামাজিক সাম্য প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সামষ্টিক ভূমিকা নির্ধারণ করছে | সামাজিক সাম্য প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সামষ্টিকভাবে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে সে বিষয়ে মতামত দিচ্ছে | সামাজিক সাম্য প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সামষ্টিকভাবে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে সে বিষয়ে যৌক্তিক মতামত দিচ্ছে | সামাজিক সাম্য প্রতিষ্ঠায় ব্যক্তিগত ও সামষ্টিকভাবে পদক্ষেপ কী হওয়া উচিৎ এ বিষয়ে প্রেক্ষাপটনির্ভর যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

## পরিশিষ্ট ২

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

নবম শ্রেণির সবগুলো শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেয়া আছে। এছাড়া একটি বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, শিক্ষার্থী কোন বিষয়ের বিষয়ভিত্তিক জ্ঞান কতটুকু মুখস্ত করতে পারছে তার ভিত্তিতে কখনোই শিক্ষক শিক্ষার্থীর যোগ্যতার (পারদর্শিতার সূচকের) মান নির্ধারন করবেন না শিক্ষার্থী নির্দিষ্ট অভিজ্ঞতায় বিষয়ভিত্তিক জ্ঞানকে কীভাবে বাস্তব জীবনের সাথে সম্পর্কিত করছে এবং সে অনুযায়ী প্রয়োগ করছে তার উপর সূচক নির্ধারন করবেন। হবে। শিক্ষার্থীর কোন নির্দিষ্ট কাজ বা আচরণের ভিত্তিতে তিনি এই ইনপুট দেবেন তাও পাশে উল্লেখ করা আছে।

| **শিখন অভিজ্ঞতার নাম: প্রকৃতি ও সমাজ অনুসন্ধান** | | |
|---|---|---|
| PI নং | পারদর্শিতার সূচক (PI) | নির্দিষ্ট কাজ/ আচরন |
| ০৫.০৯.০১.০১ | প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | দলগত কাজ ১, অনুশীলনী কাজ ১, অনুশীলনী কাজ ২, দলীয় কাজ ২, দলীয় কাজ ৩, সেমিনার ও মুক্ত আলোচনা, প্রতিফলন ডায়েরি |
| ০৫.০৯.০১.০২ | প্রকৃতির বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | দলগত কাজ ১, অনুশীলনী কাজ ১, অনুশীলনী কাজ ২, দলীয় কাজ ২, দলীয় কাজ ৩, সেমিনার ও মুক্ত আলোচনা, প্রতিফলন ডায়েরি |
| ০৫.০৯.০১.০৩ | সমাজের বিভিন্ন উপাদান কীভাবে ঐতিহাসিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | দলগত কাজ ১, অনুশীলনী কাজ ১, অনুশীলনী কাজ ২, দলীয় কাজ ২, দলীয় কাজ ৩, সেমিনার ও মুক্ত আলোচনা, প্রতিফলন ডায়েরি |
| ০৫.০৯.০১.০৪ | সমাজের বিভিন্ন উপাদান কীভাবে সাংস্কৃতিক প্রেক্ষাপট তৈরি করে তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | দলগত কাজ ১, অনুশীলনী কাজ ১, অনুশীলনী কাজ ২, দলীয় কাজ ২, দলীয় কাজ ৩, সেমিনার ও মুক্ত আলোচনা, প্রতিফলন ডায়েরি |
| ০৫.০৯.০১.০৫ | সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির আলোকে যাচাই করছে | দলগত কাজ ১, অনুশীলনী কাজ ১, অনুশীলনী কাজ ২, দলীয় কাজ ২, দলীয় কাজ ৩, সেমিনার ও মুক্ত আলোচনা, প্রতিফলন ডায়েরি |
| ০৫.০৯.০১.০৬ | সামাজিক দৃষ্টিভঙ্গি গঠনে প্রকৃতি ও সমাজের প্রভাব উপলব্ধি করে সংবেদনশীল আচরণ করছে | সেমিনার ও মুক্ত আলোচনা, প্রাকৃতিক ও সামাজিক উপাদান সংরক্ষণে করণীয়, প্রতিফলন ডায়েরি |
| **শিখন অভিজ্ঞতার নাম: আত্মপরিচয় ও মানবিক আচরণ** | | |
| PI নং | পারদর্শিতার সূচক (PI) | নির্দিষ্ট কাজ/ আচরন |
| ০৫.০৯.০২.০১ | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আত্মপরিচয় অনুসন্ধান করছে | অনুশীলনী কাজ ১, জোড়ায় কাজ, অনুশীলনী কাজ ২, দলগত কাজ ১, অনুশীলনী কাজ ৩, অনুশীলনী কাজ ৫, |

| | | |
|---|---|---|
| ০৫.০৯.০২.০২ | বিভিন্ন ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে মানুষের আচরণিক প্যাটার্ন কীভাবে গড়ে ওঠে তা অনুসন্ধান করছে | অনুশীলনী কাজ ৪, দলগত কাজ ২, দলগত কাজ ৩, প্যানেল আলোচনা আয়োজন |

**শিখন অভিজ্ঞতার নাম: 'বাংলাদেশ' ও 'বঙ্গবন্ধু'- মানবতাবাদী ধারা ও অসম্প্রদায়িক চেতনা**

| PI নং | পারদর্শিতার সূচক (PI) | নির্দিষ্ট কাজ/ আচরন |
|---|---|---|
| ০৫.০৯.০৪.০১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনাকে নিজের কাজে ও আচরণে প্রতিফলিত করছে | দলগত কাজ ১, দলগত কাজ ২, টাইমলাইন |
| ০৫.০৯.০৪.০২ | বিভিন্ন পরিস্থিতিতে ব্যক্তিস্বার্থের উর্ধে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিচ্ছে | দলগত কাজ ৩, দলগত কাজ ৪ |

**শিখন অভিজ্ঞতার নাম: রাজনৈতিক কাঠামো ও নাগরিক দায়িত্ব; বৈশ্বিক প্রেক্ষাপট: রাজনৈতিক ইতিহাসের সন্ধানে**

| PI নং | পারদর্শিতার সূচক (PI) | নির্দিষ্ট কাজ/ আচরন |
|---|---|---|
